দৈনিক সংবাদ

তারিখ ...2 4 NOV 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

# ঢাকা ভার্সিটিতে আবার অস্ত্রধারী বহিরাগতদের আনাগোনা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আবারো অস্ত্রধারী এবং বহিরাগতদের পদচারণা লক্ষ্য করা যাচ্ছে। এ ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ না করা হলে আরেকটি ভয়াবহ অপ্রীতিকর ঘটনার সম্ভাবনা উড়িয়ে দেয়া যায় না।

গত ৪ঠা সেপ্টেম্বর জাতীয়তাবাদী ছাত্রদলের দু'গ্রুপের বন্দুকযুদ্ধে ছাত্রদল কর্মী মামুন ও মাহমুদ নিহত হবার পর ক্যাম্পাসে কড়া নিরাপত্তামূলক ব্যবস্থা নেয়া হয়। ক্যাম্পাসের ছাত্রদল অধিকৃত হলগুলোর গেটে পুলিশ মোতায়েন করা হয় এবং ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ মোড়ে পুলিশ ও বিডিআর মোতায়েন করা হয়। হলে

ভার্সিটি ঃ পৃঃ ১২ কঃ ৩

## ভার্সিটি ঃ বহিরাগতদের আনাগোনা

(১ম পৃষ্ঠার পর)

অবস্থানকারী সন্ত্রাসীরা হল ত্যাগ করে গা-ঢাকা দেয়। ঘটনার বেশ কয়েকদিন পরে দু' ছাত্রলীগ অধিকৃত হলগুলোতেও পুলিশ মোতায়েন করা হয়। এখনো এ পুলিশী পাহারা বহাল আছে।

কিন্তু মামুন ও মাহমুদ হত্যাকাণ্ডের ঘটনার রেশ মিলিয়ে যাবার সাথে সাথে একজন দু'জন করে সন্ত্রাসীরা বিভিন্ন হলে আসতে শুরু করে। গত ১ মাসে বিশ্ববিদ্যালয়ের হলগুলো আবারো সন্ত্রাসীদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। যদিও প্রতিটি হলের গেটে রাতদিন ২৪ ঘন্টাই পুলিশী পাহারা আছে। কিন্তু এতে সন্ত্রাসীরা উদ্বিগ্ন নয়। বরং পুলিশ-সন্ত্রাসী সহাবস্থানই এখন ক্যাম্পাসের নিত্য-দিনকার স্বাভাবিক চিত্র। গত কয়েকদিন বিপুল সংখ্যক পুলিশের সামনেই অস্ত্রধারীদের আনাগোনা করতে দেখা গেছে।

এছাড়া দু'একদিন পর পর ছাত্রদলের এক গ্রুপের কর্মীদের দ্বারা অপর গ্রুপের কর্মী প্রহৃত হবার ঘটনা ঘটলেও সরকার এ ব্যাপারে কোন ব্যবস্থা গ্রহণ করছে না।